চুয়াডাঙ্গা জেলা কারাগারে সাজাপ্রাপ্ত কয়েদির মৃত্যু

চুয়াডাঙ্গায় জেলা কারাগারে সাজাপ্রাপ্ত আসামী দিলীপ কুমার বিশ্বাস (৪৭) নামের এক কয়েদির মৃত্যু হয়েছে। ২৪ দিনের ব্যবধানে চুয়াডাঙ্গা জেলা কারাগারে আটক থাকা দু জনের মৃত্যু হলো।

আজ শনিবার (১৬ মার্চ) বেলা সাড়ে বারোটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। দিলীপ কুমার বিশ্বাস ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন আশুরহাটি গ্রামের শ্রী দেবেন্দ্রনাথ বিশ্বাসের ছেলে। চুয়াডাঙ্গা জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন

অপরদিকে, গত ২১ ফেব্রেয়ারী মাঝ রাতে জেলা কারাগারে আটক থাকা চুরি মামলার হাজতি মিঠু মিয়াকে (৩০) হাসপাতালে নেওয়ার কিছুক্ষণের মধ্যে মারা যায়।

চুয়াডাঙ্গা জেলা কারাগার সুত্রে জানা যায়, দিলীপ কুমার ঝিনাইদহের একটি চেক প্রতারণা মামলার এক বছরের সাজাপ্রাপ্ত আসামী ছিলেন। চুয়াডাঙ্গায় আরও একটি মামলা থাকায় গত ৯ মার্চ ঝিনাইদহ জেলা কারাগার থেকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে হস্তান্তর করা হয়। শুক্রবার কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন দিলীপ কুমার বিশ্বাস। তাৎক্ষনিক তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে প্রাথমিক চিকিৎসা শেষে দিলীপ কুমারকে পুরুষ মেডিসিন ওয়ার্ডে ভর্তি করেন চিকিৎসক। আজ শনিবার বেলা সাড়ে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যায়।

ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন বলেন, চিকিৎসকের মতে দিলীপ কুমার বিশ্বাস স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। মৃত্যুর সঠিক কারণ নির্ণয় করতে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত শেষে ময়নাতদন্ত সম্পন্ন করা হবে।